

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্তক্রমে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

হজ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.hajj.gov.bd

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০.০০৫.১৪(অংশ-৩)- ১২০৬

তারিখ : ০৪/০৮/২০১৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

এই মর্মে সকল প্রাক-নিবন্ধিত হজে গমনেচ্ছু ও হজ এজেন্সীসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬ খ্রি. সনের সরকারি কোটা যথাসময়ে পূরণ না হওয়ায় ৪,৮০০ (চার হাজার আটশত) হজযাত্রীকে বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত হজগমনেচ্ছুদের মধ্য থেকে ২০১৬ খ্রি. সনে হজব্রত পালনের জন্যে গত ০২.০৮.২০১৬ খ্রি. তারিখে সৌদি সরকারের নিকট থেকে অনাপত্তি পাওয়া গিয়েছে। কাউন্সেলর (হজ), জেদ্দা, তার ৩০.০৭.২০১৬ খ্রি. তারিখের পত্রের মাধ্যমে (মোয়াচ্ছাছা এর ০২.০৮.২০১৬ খ্রি. তারিখের ই-মেইলে পত্র সংযুক্ত করে) জানিয়েছেন যে, আগামী ০২ (দুই) দিনের মধ্যে সকল কার্যাদি সম্পন্ন করত: তথ্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায় আগামী ০৭.০৮.২০১৬ ও ০৮.০৮.২০১৬ খ্রি. তারিখের মধ্যে প্রাক-নিবন্ধিত হজ গমনেচ্ছুদেরকে সৌদি সরকারের সহিত চুক্তিবদ্ধ ৪৮৩ (চারশত তিরিশি) টি এজেন্সীর মধ্যে যেগুলোর মাধ্যমে এখনও হজযাত্রী হিসেবে অন্তর্ভুক্তি ও প্রেরণ সম্ভব তাদের মাধ্যমে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। এই প্রক্রিয়ায় সর্বতোভাবে জাতীয় হজ ও ওমরাহ নীতি-১৪৩৭ হি:/২০১৬ খ্রি. এর ২য় অধ্যায়ের ৩.১.৮ মতে প্রাক-নিবন্ধনের ক্রমিক (৮৮২৩৭ থেকে পরবর্তী ৯৩০৩৬ ক্রমিক পর্যন্ত) অনুসরণ করা হবে। কোন ক্রমেই সময় বৃদ্ধি করা হবে না।

উল্লেখ্য যে, উক্ত তারিখের মধ্যে কেহ নিবন্ধন কার্যক্রম সম্পন্ন না করলে তাদের আর্থহ নেই বলে ধরে নেয়া হবে। উক্ত সময়ে নিবন্ধন ক্রম অনুযায়ী কোটা (৪৮০০ জন) পূরণ না হয় তাহলে আর্থহী প্রার্থীদের মধ্য থেকে নিবন্ধনের মাধ্যমে কোটা পূরণ করা হবে।

(মীর মোঃ নজরুল ইসলাম)

যুগ্ম-সচিব (হজ)

ফোন : ৯৫৮৫২০০

[morahajsection@gmail.com](mailto:morahajsection@gmail.com)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সভাপতি মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৪. মূখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি:, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা (হজযাত্রীদের নিবন্ধনের টাকা জমা গ্রহণের অনুরোধসহ)।
৮. ব্যবস্থাপনা পরিচালক, Sonali Bank Limited / Trust Bank Limited / Prime Bank Limited / Southeast Bank Limited / Islami Bank BD Ltd / Janata Bank Ltd / Shahjalal Islami Bank Ltd / Bank Asia Ltd / Exim Bank Ltd / Al-Arafah Islami Bank Ltd / Premier Bank Ltd / Mercantile Bank Ltd / Agrani Bank Ltd. (হজযাত্রীদের নিবন্ধনের টাকা জমা গ্রহণের অনুরোধসহ)।
৯. সভাপতি, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়া পল্টন, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি:, ১২, কাওরান বাজার, ঢাকা।
১১. অফিস কপি।